# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং- বিকেবি-প্রকা/ক্রেবি (শাখা-১)/১/৩(১৭)/২০২৩-২৪/ ৬৬৬ (২১৫০) তারিখঃ ০৯.০৮.২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন (স্কিম এসিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৭ নভেম্বর, ২০২২) এর আওতায় ঋণ বিতরণ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সাম্প্রতিক বৈশ্বিক পরিস্থিতিতে দুর্বল সরবরাহ ব্যবস্থার কারণে বিভিন্ন খাদ্যপণ্যের মূল্য বৃদ্ধি পাওয়ায় বিশ্বে খাদ্য সংকট সৃষ্টির আশঙ্কা রয়েছে। এপ্রেক্ষিতে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্য উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন। এই খাদ্য সংকট সৃষ্টির আশঙ্কা মোকাবেলা করার জন্য কৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধি, দেশের খাদ্য স্বয়ংসম্পূর্নতা অর্জন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিকরণের লক্ষ্যে বাংলাদেশ সরকার কর্তৃক বর্ণিত স্কিম ঘোষনা করেছে। যদি বর্ণিত স্কিমের নীতিমালা অনুসরণ না করে ঋণ প্রদান করা হয় তাহলে যে উদ্দেশ্য স্কিমটি চালু করা হয়েছে তা ব্যাহত হবে। ফলে একদিকে যেমন খাদ্য সংকট হবে অন্যদিকে খাদ্য আমদানি ব্যয় বাড়বে।

০৩। সরকারের বিভিন্ন অধিদপ্তর হতে এতদ্সংক্রান্ত বিষয়ে সরেজমিনে তদন্তে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে কৃষি খাতের জন্য গঠিত ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণে অনিয়ম ও অসঙ্গতি হওয়ায় এ বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনার নিকট অনুসন্ধান প্রতিবেদন দাখিল করা হয়েছে। প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে অনিয়ম ও অসঙ্গতি থাকায় ব্যাংক ব্যবস্থপনা কর্তৃপক্ষ হতে অসন্তোষ প্রকাশ করা হয়। সরকার ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজে ঋণসমূহ বিতরণে বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল নিয়মাচার পরিপালনপূর্বক সরেজমিনে যাচাই করতঃ প্রকৃত কৃষক/গ্রাহককে ঋণ প্রদান করার পুনঃনির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। সরকার ও বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি বজায় রাখাসহ বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণের জন্য বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল নিয়মাচার পরিপালনপূর্বক সরেজমিনে যাচাই করতঃ প্রকৃত কৃষক/গ্রাহককে নির্ধারিত ধান/ মৎস্য চাষ/পোল্ট্রি/দুগ্ধ উৎপাদন/ গরু মোটতাজাকরণ/শাক-সবজি/ফুল ও ফল উৎপাদন এই ০৭ (সাত) টি খাতে ঋণ বিতরণের যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। উল্লেখ্য কোন শাখা বর্ণিত সার্কুলারে উল্লেখিত ০৭ টি খাতে প্রকৃত সুবিধা ভোগী ব্যতীত ঋণ বিতরণ করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৫। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-১৮১৮(১২৫০) ও ২২৭২(১২৫০) তারিখঃ যথাক্রমে ২৫/০১/২০২৩ ও ২৩/০৩/২০২৩ এ বর্ণিত সকল নিয়মাচার পরিপালনপূর্বক সরেজমিনে যাচাই করতঃ প্রকৃত কৃষক/গ্রাহককে স্কিমে উল্লেখিত খাতে ঋণ বিতরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৯/০৮/২০২৩

(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

বিষয়ঃ দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন (স্কিম এসিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৭ নভেম্বর, ২০২২) এর আওতায় ঋণ বিতরণ প্রসঙ্গে।

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/০১/৩(১৭)/২০২৩-২৪/ ১৬৬৩ (১২৫০) তারিখঃ ০৯/০৮/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। নথি/মহানথি।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক